



থ্যেপিয়ান  
THESPIAN  
An International Refereed journal  
ISSN 2321-4805

# THESPIAN

MAGAZINE

An International Refereed Journal of Inter-disciplinary  
Studies

**Santiniketan, West Bengal, India**

DAUL A Theatre Group©2013-19

**Editor of**

**Autumn Edition 2019**

**Dr. Saurav Dasthakur**

Associate Professor, Department of English  
Visva-Bharati, Santiniketan, West Bengal

**Title:** Ticket Parikshak (*La contrôleur*)

**Author(s):** Jacques Prèvert

**Translator (s):** Jayita Basak

**Published:** 23 December 2019

টিকিট পরীক্ষক © 2019 by Jayita Basak is licensed under CC BY-NC 4.0. To view a copy of this license, visit

<https://creativecommons.org/licenses/by-nc/4.0/>

Yr. 7, Issue 10-14, 2019

Autumn Edition  
September-October

✉ [thespian.articles@gmail.com](mailto:thespian.articles@gmail.com) | 🌐 [www.thespianmagazine.com](http://www.thespianmagazine.com)



## *Le contrôleur*

Jacques Prèvert

আজ আমরা সবাই এক অদ্ভুত জীবন যাত্রায় অভ্যস্ত হয়ে উঠেছি, শুধু এগিয়ে চলছি। শুধু চলছি আর চলছি...আশেপাশে কি হচ্ছে তা দেখার সময় নেই। জ্যাক প্রেভ্যার এই কবিতার মাধ্যমে আমাদের জীবন সম্বন্ধে এক শিক্ষা দিচ্ছেন। আমরা যেন ভ্রমণকারী – এই পৃথিবীতে আমরা বেড়াতে এসেছি। মায়ের জঠর থেকে যেই আমরা এই সুন্দর পৃথিবীর আলো দেখি আমরা আর থেমে থাকি না। তাই কবি আমাদের সংযত হতে বলেছেন, মনোযোগী হতে শিখিয়েছেন, নম্র হতে বলেছেন। উনি আরও বলেছেন আমরা যেন কাউকে আঘাত না করে পৃথিবীটা অন্যদের জন্যে ছেড়ে যাই। যেন আমরা অন্যদের অসুবিধা না করি বা কোন ক্ষতি না করি। যত টুকু সময় বেঁচে আছি ভালো করে ভালো ভাবে বাঁচি আর অন্যকে বাঁচতে দিই। এই শিক্ষাগুলো ভীষণ ভাবে যুগোপযোগী মনে হয়েছে। আমাদের দৈনন্দিন জীবন যাত্রার উপাদান দিয়ে কবি সৃষ্টি করেছেন তাঁর এই যুগান্তকারী কবিতা *Le contrôleur*। আমাদের চেনা বিষয়, পথচলতি ঘটনা, খবরের কাগজের টুকরো ঘটনা কখন যে তাঁর কবিতা হয়ে গিয়েছিলো তা বলাই বাহুল্য। এত সুন্দর একটা ফরাসী কবিতা যদি আরও অনেকে জানতে পারে বা পড়তে পারে, তাই এই প্রচেষ্টা।



## টিকিট পরীক্ষক

অনুবাদ: জয়িতা বসাক

খণ্ডকালীন শিক্ষক, ফ্রেঞ্চ বিভাগ,  
চন্দননগর কলেজ, চন্দননগর, পশ্চিমবঙ্গ

চলো চলো  
তাড়াতাড়ি চলো  
চলো চলো  
দেখো আর চলো  
এখানে অনেক অনেক পথিক  
অনেক অনেক পথিক  
এগিয়ে চলো এগিয়ে চলো  
এখানে যারা সারিবদ্ধ করে দাঁড়িয়েছে  
ওরা আছে সর্বত্র  
অনেক অনেক মানুষ  
এই পৃথিবীর মাটিতে  
নতুবা মায়ের জঠরের পথে  
চলো চলো এগিয়ে চলো  
তাড়াতাড়ি করো বন্দুকের নলে রেয়েছে আঙুল  
চলো আমরা ভাল করে বাঁচি  
একটু সংযত হও বাপু  
চলো চলো  
দেখো  
বিশেষ মনযোগী হও  
অন্যকেও একটু জায়গা দাও  
তুমি তো জানো, সারাজীবন তুমি পারবে না এখানে থাকতে  
আমাদের পরে অন্যরা থাকবে  
এ যেন এক আমাদের সংক্ষিপ্ত পথ চলা  
সংক্ষিপ্ত পথ চলা  
এই পৃথিবীর পথে  
খনিক পথ চলা তারপর বিদায়  
চলো চলো  
তাড়াতাড়ি করো তাড়াতাড়ি করো  
একটু বিনম্র হও  
কাউকে আঘাত কর না দয়া করে ।



## Jacques Prevert

জ্যাক প্রেভ্যার (Jacques Prevert)-এর জন্ম ১৯০০ এবং মৃত্যু ১৯৭৭।

বিংশ শতাব্দীর এক বিখ্যাত ফরাসী কবি যাকে আমরা সুররিয়ালিস্ত (surrealist) কবি হিসেবেই চিনি। শুধু কবি হিসেবে নয়, উনি একজন প্রতিভাবান স্ক্রিপ রাইটারও ছিলেন। ১৯৪৬-এ উনি ‘পারল’ (Paroles) নামের একটি কাব্যগ্রন্থ প্রকাশ করেন। *Le contrôleur* কবিতাটি এই কাব্যগ্রন্থেরই অন্তর্ভুক্ত। প্রেভ্যারের কবিতার অন্যতম বৈশিষ্ট্য হল তার সহজ সরল ভাষা। তাই তাঁর কবিতা সবাই বুঝতে পারত। তিনি খুব সহজেই আমাদের শিক্ষা দিতে পারতেন তার কবিতার মাধ্যমে। উনার বিখ্যাত গ্রন্থগুলো হল লে জঁফঁ দু পারাদি (*Les Enfants du paradis*) - ১৯৪৫, লে পরত দ্য লা নুই (*Les Portes de la nuit*) - ১৯৪৬, স্পেক্টাকল (*Spectacle*) - ১৯৫১।